



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি


আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ রবিবার সকাল ১১:০০টায় “বিজয় র্যালি” উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিজয় র্যালিতে অংশগ্রহণের সুবিধার্থে আগামী ০১-১২-২০২৪ তারিখ রবিবার বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ ও অফিস কার্যক্রম সকাল ১০:৩০টা থেকে ১২:০০টা পর্যন্ত বন্ধ থাকবে, তবে পরীক্ষাসমূহ যথারীতি চলবে।

বিজয় র্যালির কর্মসূচি

০১ ডিসেম্বর ২০২৪ তারিখ রবিবার	
সকাল ১০:৪৫ মিনিট	বিজয় র্যালিতে অংশগ্রহণের জন্য অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত।
সকাল ১১:০০ টা	মাননীয় ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষসহ সম্মানিত সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডিনবৃন্দ, প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেনবৃন্দ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, সকল অফিস প্রধান, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ অপরাজেয় বাংলা হতে “বিজয় র্যালি” সহকারে সোহরাওয়ার্দী উদ্যান প্রাঙ্গনস্থ স্বাধীনতা চত্বরের উদ্দেশ্যে রওয়ানা হবে। স্বাধীনতা চত্বরে সংগীত বিভাগের পরিচালনায় দেশাত্মবোধক গান (মুক্তির গান, বিজয়ের গান) পরিবেশন।

বিজয় র্যালির বর্ণাঢ্য আয়োজনে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে অনুরোধ করা যাচ্ছে।

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়


(মুনসী শামস উদ্দিন আহম্মদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৬৫২৪৯ - বি

তারিখ:

২৮/১১/২০২৪ বঙ্গাব্দ
২৮/১১/২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :